



## প্রধানমন্ত্রীর সঙ্গে চীনা রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ



চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। ছবি: সংগৃহীত

ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন সোমবার (২৩ ফেব্রুয়ারি) প্রধানমন্ত্রীর দফতরে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন।

সাক্ষাতে প্রধানমন্ত্রী তারেক রহমানের ‘বাংলাদেশ ফার্স্ট’ পররাষ্ট্রনীতিকে স্বাগত জানায় চীন। রাষ্ট্রদূত জানিয়েছেন, বাংলাদেশের সার্বভৌমত্ব রক্ষায় চীন সব ধরনের সহযোগিতা অব্যাহত রাখবে।

এর আগে রোববার (২২ ফেব্রুয়ারি) পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমানের সঙ্গে সাক্ষাৎকালে ইয়াও ওয়েন গণমাধ্যমকে জানিয়েছিলেন, তিনি তিস্তা প্রকল্প বাস্তবায়ন নিয়ে আশাবাদী। তবে বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে কাজের বিষয়ে কোনো স্পষ্ট মন্তব্য করেননি। চীনা রাষ্ট্রদূত উল্লেখ করেছেন, যুক্তরাষ্ট্রের ব্যাঘাতের চেষ্টা থাকা সত্ত্বেও চীন এই অঞ্চলের মানুষের কল্যাণে কাজ করছে এবং তৃতীয় পক্ষের হস্তক্ষেপকে সমালোচনা করেছেন।

বৈঠকে বাংলাদেশ-চীন সম্পর্ক, রোহিঙ্গা সংকট এবং নতুন সরকারের সঙ্গে স্থিতিশীল সমঝোতার সম্ভাবনা নিয়েও আলোচনা হয়েছে। চীন নতুন সরকারের সঙ্গে সমন্বয় রেখে কার্যক্রম চালানোর আগ্রহ প্রকাশ করেছে।